

বিজ্ঞপ্তি নং-৬৭৫

-জি,

তারিখঃ ১৩/১২/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ আগামী ১৮ ডিসেম্বর ২০১৮ খ্রি. বাংলাদেশ সুপ্রীম কোর্ট দিবস উদ্‌যাপন উপলক্ষে আপীল বিভাগ এবং হাইকোর্ট বিভাগের কোর্টের সময়সূচি নির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৮ ডিসেম্বর ২০১৮ খ্রি. বিকাল ৩:০০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্ট দিবস উদ্‌যাপন উপলক্ষে সুপ্রীম কোর্ট জাজেস স্পোর্টস কমপ্লেক্সে এক আলোচনা সভার আয়োজন করা হয়েছে। উক্ত আলোচনা সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সানুহুহ সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্ত অনুষ্ঠানে আগত অতিথিদের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে অনুষ্ঠানের দিন বেলা ১২:০০ ঘটিকায় স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ) অনুষ্ঠানস্থল এবং তৎসংলগ্ন এলাকার দায়িত্বভার গ্রহণ করবেন।

উক্ত অনুষ্ঠান সুচারুরূপে সম্পন্নকরণ এবং মহামান্য রাষ্ট্রপতিসহ আগত অতিথিদের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে অনুষ্ঠানের দিন অর্থাৎ আগামী ১৮ ডিসেম্বর ২০১৮ খ্রি. রোজ মঙ্গলবার বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের বিচার কার্যক্রম বেলা ১২:০০ ঘটিকায় সমাপ্ত করার নিমিত্ত বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সদয় নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

স্বাঃ/-

(ড. মোঃ জাকির হোসেন)  
রেজিস্ট্রার জেনারেল

স্মারক নং -৯৪৫৫ (১০৫)


-জি,

তারিখ-১৩/১২/২০১৮ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪. রেজিস্ট্রার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫. সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৭. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অতিরিক্ত রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা..... (সকল)।
৯. স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০. ডেপুটি রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা..... (সকল)।
১১. ডেপুটি রেজিস্ট্রার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১২. সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা..... (সকল)।
১৩. মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৪. মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৫. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১৬. পরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
১৭. পরিচালক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
১৮. চ্যানেল ২৪, ইনপুট এডিটর, ৩৮৭, তেজগাঁও শিল্পাঞ্চল এলাকা, ঢাকা।
১৯. চীফ রিপোর্টার (বার্তা) এ, টি, এন, বাংলা ওয়াসা ভবন, ৯৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ কাওরান বাজার, ঢাকা।
২০. চীফ রিপোর্টার (বার্তা) চ্যানেল আই, ৬২/এ, সিদ্ধেশ্বরী রোড, ঢাকা- ১২১৭।
২১. চীফ রিপোর্টার (বার্তা) এন, টি, ভি, ১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
২২. বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
২৩. বার্তা সম্পাদক, ইউ, এন, বি, ৬৯/১ নিউ সার্কুলার রোড, মালিবাগ, ঢাকা।
২৪. বার্তা সম্পাদক, দৈনিক ইত্তেফাক, ঢাকা।
২৫. বার্তা সম্পাদক, দৈনিক জনকণ্ঠ, ঢাকা।
২৬. বার্তা সম্পাদক, দৈনিক সংবাদ, ঢাকা।
২৭. বার্তা সম্পাদক, দৈনিক ইনকিলাব, ঢাকা।
২৮. বার্তা সম্পাদক, দৈনিক অবজারভার, ঢাকা।
২৯. বার্তা সম্পাদক দৈনিক যুগান্তর, ঢাকা।
৩০. সিনিয়র সুপারিনটেনডেন্ট/ সুপারিনটেনডেন্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা..... (সকল)।
৩১. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি ..... (সকল)।  
[ মাননীয় বিচারপতি মহোদয়কে অবগত করানোর ব্যবস্থা গ্রহণে অনুরোধ করা হলো।
৩২. নোটিশ বোর্ড।

সংবাদ  
হিসাবে  
প্রচারের  
জন্য

  
(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)  
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)  
ফোনঃ ৯৫৬৬৮২৬।